# *নাগরিক ও সরকারী পর্যায়ে সমস্যা সমূহ এবং সার্ভিস আইডেন্টিফিকেশন*

| সেবার ধরন | সেবা | সেবা প্রদান/প্রাপ্তীর ক্ষেত্রে অসুবিধা/ চ্যালেঞ্জ সমূহ | |
|---|---|---|---|
| | | নাগরিক পযার্য়ে | সরকারী পযার্য়ে |
| প্রশিক্ষণ | গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ ও মহিলা) | অনেক গ্রামে প্রশিক্ষণ স্থান না থাকায় গ্রামের প্রভাবশালী ব্যক্তির বাড়ীতে প্রশিক্ষণার্থীরা মাটিতে বসে প্রশিক্ষণ গ্রহণ করে। | অনেক গ্রামেই স্কুল কলেজ না থাকায় প্রশিক্ষণার্থীদের জন্য সুব্যবস্থা করা যাচ্ছে না। |
| | | প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ নেওয়ার পর অর্থের অভাবে আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে পারছে না। | দেশের সকল উপজেলায় আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখা না থাকায় আর্থিক সহায়তা প্রদান করা যাচ্ছে না। |
| | | সরকারী সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্বেও সরকারী তৃতীয় ও চতুর্থ শ্রেনীর চাকুরীতে ১০% আনসার ভিডিপি সদস্য-সদস্যাদের নিয়োগে সবক্ষেত্রে পুরোপুরি সুবিধা পাচ্ছে না। | সংশ্লিষ্ট বিভাগের উদাসীনতার কারণে সম্ভব হচ্ছে না। |
| | | স্থানীয় সরকারের উন্নয়নমূলক কাজের তত্ত্বাবধানের ক্ষেত্রে ভিডিপি সদস্য-সদস্যাদের অংশীদারিত্ব সবক্ষেত্রেই নিশ্চিত হচ্ছে না। | সংশ্লিষ্ট বিভাগের উদাসীনতার কারণে সম্ভব হচ্ছে না। |
| | | Fair Price Card প্রাপ্তির ক্ষেত্রে ভিডিপি সদস্য-সদস্যাদের জন্য ১৫% কোটা বেশীরভাগ ক্ষেত্রেই বাস্তবায়িত হয় না। | সংশ্লিষ্ট বিভাগের উদাসীনতার কারণে সম্ভব হচ্ছে না। |
| | | পৃথিবীর বেশীরভাগ দেশেই স্বেচ্ছাসেবক সংগঠনের সদস্য-সদস্যাদের শিক্ষা,চিকিৎসা, যাতায়াত প্রভৃতি ক্ষেত্রে ভর্তুকি প্রদান করার জন্য ভর্তুকি কার্ড প্রদান করা হয়। ভিডিপি সদস্য-সদস্যারা সে সুবিধা পাচ্ছে না। | সরকারের উদ্যোগ প্রয়োজন। |
| | | সরকারী সার্কুলার থাকা স্বত্বেও ভিডিপি সদস্য-সদস্যারা সন্দেহের বশবর্তী হয়ে অর্থাৎ ৫৪ ধারায় কোন ওয়ারেন্ট ছাড়াই জেলা কমান্ড্যান্ট/সহকারী জেলা কমান্ড্যান্ট এর পূবানুর্মতি ছাড়াই গ্রেপ্তারের মাধ্যমে হয়রানী হচ্ছে। | সংশ্লিষ্ট বিভাগের উদাসীনতা। |
| | | প্রশিক্ষণের জন্য নির্দিষ্ট আবেদন ফরম ও প্রশিক্ষণ গাইড লাইন সমৃদ্ধ নির্দেশিকা পাচ্ছে না। ইউনিয়ন দলনেতা/দলনেত্রীর সাথে যোগাযোগ সহজ হচ্ছে না। | |
| | | | দেশের প্রতিটি মেট্রোপলিটন শহরে অধিকাংশ ক্ষেত্রেই উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার অফিস নাই। উপজেলা অফিসের জনবল কাঠামো খুবই দুবর্ল। ইউনিয়ন দলনেতা/দলনেত্রীরা সাধারণত ইউনিয়ন কমপ্লেক্সে বসে। দেশের অনেক ইউনিয়নেই ইউনিয়ন কমপ্লেক্স নেই। যেসব ইউনিয়নে ইউনিয়ন কমপ্লেক্স আছে সেখানেও তাদের |

| সেবার ধরন | সেবা | সেবা প্রদান/প্রাপ্তীর ক্ষেত্রে অসুবিধা/ চ্যালেঞ্জ সমূহ | |
|---|---|---|---|
| | | নাগরিক পযার্য়ে | সরকারী পযার্য়ে |
| | | | বসার মত সরঞ্জামাদি নাই। তাদের কাজের জন্য স্টেশনারী দ্রব্যাদি কিছুই বরাদ্দ নাই। ইউনিয়ন দলনেতা/দলনেত্রীদের মাসিক সম্মানী অপ্রতুল (মাসিক ৬২৫ টাকা) এবং তাদের জন্য মোবাইল ফোন ও মাসিক মোবাইল বিল বরাদ্দ নাই  অর্থাৎ সরকারী সুযোগ সুবিধা কম হওয়ায় সার্ভিসের মান নিম্ন। ভিডিপি সদস্য-সদস্যাদের তলিকা প্রস্তুতকরণ, হালনাগাদকরণ এবং সংরক্ষণের কাজ সুষ্ঠভাবে করা যাচ্ছে না। |
| | | | |
| প্রশিক্ষণ | সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা) | উপজেলা পযার্য়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা গেলে মহিলা প্রশিক্ষণার্থীরা উপকৃত হতেন।<br><br>প্রশিক্ষণের জন্য নির্দিষ্ট আবেদন ফরম ও প্রশিক্ষণ গাইড লাইন সমৃদ্ধ নির্দেশিকা নাই। | অধিকাংশ উপজেলায় কোন অবকাঠামো নাই।<br><br>সদর দপ্তরের উদ্যোগ প্রয়োজন। |
| প্রশিক্ষণ | পেশাভিত্তিক প্রশিক্ষণ (ভেহিকেল মেইন্টেনেন্স, ফ্রিজ ও এয়ারকন্ডিশন মেরামত, ইলেকট্রিশিয়ান, বেসিক কম্পিউটার, মৎস্য চাষ, মোবাইল টেলিফোন সেট মেরামত ও রক্ষনাবেক্ষণ, উন্নত প্রযুক্তিতে আলু ও স্ট্রবেরী চাষ, সংরক্ষন ও ব্যবহার, অমৌসুমী সবজি চাষ, উন্নত প্রযুক্তিতে নার্সারী স্থাপন, ফুল চাষ, ফল চাষ, কমলা চাষ, চা চাষ, নকশি কাঁথা তৈরি, গবাদিপশু পালন, হাঁস মুরগী পালন, সেলাই প্রশিক্ষণ, সোয়েটার নিটিং ) | প্রশিক্ষণের জন্য নির্দিষ্ট আবেদন ফরম ও প্রশিক্ষণ গাইড লাইন সমৃদ্ধ নির্দেশিকা নাই।<br><br>প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ নেওয়ার পর অর্থের অভাবে আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে পারছে না। | সদর দপ্তরের উদ্যোগ প্রয়োজন।<br><br>দেশের সকল উপজেলায় আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখা না থাকায় আর্থিক সহায়তা প্রদান করা যাচ্ছে না। |
| কর্মসংস্থান | সরকারী/বেসরকারী সংস্থায় আনসার অঙ্গীভূতকরণ | সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ নেয়ার পর একজন প্রশিক্ষণার্থী সাধারণ আনসার হিসেবে তালিকভুক্ত হয়। কিন্তু তালিকাভুক্ত হওয়ার সাথে সাথে কর্মসংস্থানের সুযোগ পায়না এবং অংগীভূত আনসার হিসেবে তিন বছর মেয়াদ পূর্তির পর পরবর্তী দুই বছর চাকুরীর সুযোগ পায় না। | অত্র সংগঠনে সাধারণ আনসারের মোট সংখ্যা প্রায় দুই লক্ষ, তার বিপরীতে অংগীভূত আনসার সংখ্যা তেইশ হাজার জনের কাছাকাছি ফলে সাধারণ আনসার হিসেবে তালিকভুক্তির সাথে সাথেই কর্মসংস্থানের সুযোগ দেয়া যাচ্ছে না। বেসরকারী নিরাপত্তা সেবা আইন –২০০৬ এর অধীনে নিয়োজিত প্রত্যেক নিরাপত্তা সদস্য-সদস্যাকেই আনসার একাডেমীতে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে মর্মে যে শর্ত রয়েছে বর্তমান ব্যবস্থায় তা প্রতিপালিত হচ্ছে না। শর্তটি প্রতিপালিত হলে কর্মসংস্থান সহজ হত। |
| | জাতীয় জরুরী প্রয়োজনে নিবার্হী আদেশবলে যেমন দূগার্পূজা, নিবার্চন (জাতীয়, স্থানীয় সরকার), এস এস সি পরীক্ষা, দূযোর্গ মোকাবেলা ইত্যাদিতে স্বল্প মেয়াদে | | |

| সেবার ধরন | সেবা | সেবা প্রদান/প্রাপ্তীর ক্ষেত্রে অসুবিধা/ চ্যালেঞ্জ সমূহ | |
|---|---|---|---|
| | | নাগরিক পযার্য়ে | সরকারী পযার্য়ে |
| | আনসার অঙ্গীভূতকরণ | | |
| নিরাপত্তা | অঙ্গীভূত আনসার মোতায়েনের মাধ্যমে নিরাপত্তা সেবা | | |
| ক্ষুদ্র ঋণ | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে ক্ষুদ্র ঋণ সেবা | | দেশের সকল উপজেলায় আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখা নাই। |
| তদন্ত | আদালত কতৃর্ক লিখিত আদেশ প্রাপ্তি সাপেক্ষে তদন্ত সেবা | | |